ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩১৯৩
আগরতলা, ১৩ অক্টোবর,২০২৫

# রাজ্যে আন্তর্জাতিক বিপর্যয় প্রশমন দিবস উদযাপিত





আজ বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে রাজ্যে আন্তর্জাতিক বিপর্যয় প্রশমন দিবস পালন করা হয়। এই উপলক্ষ্যে সচিবালয়ে সাধারণ প্রশাসন (সচিবালয় প্রশাসন) দপ্তরের সচিব টি. কে. দেবনাথ উপস্থিত বিভিন্ন স্তরের আধিকারিক ও কর্মচারিদের দুর্যোগ মোকাবিলার বিষয়ে শপথ বাক্য পাঠ করান। পাশাপাশি এন.ডি.আর.এফ. এবং ফায়ার অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসের জওয়ানগণ বিপর্যয় মোকাবিলার উপর মহড়া প্রদর্শন করেন। অনুষ্ঠানে সাধারণ প্রশাসন (সচিবালয় প্রশাসন) দপ্তরের যুগ্ম সচিব অসীম সাহা, ডিজাস্টার ম্যানেজমেন্টের স্টেট প্রজেক্ট অফিসার শরৎ কুমার দাস প্রমুখ উপস্থিত ছিলেন। তাছাড়াও আন্তর্জাতিক বিপর্যয় প্রশমন দিবস পালন উপলক্ষ্যে রাজ্যের জেলা ও মহকুমা সদর, শিক্ষা প্রতিষ্ঠান ও অফিসগুলিতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। বিপর্যয়ের হাত থেকে জীবন ও সম্পত্তি রক্ষার উপর মহড়ারও আয়োজন করা হয়।

*****